

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯১২

আগরতলা, ২১ ফেব্রুয়ারি, ২০২৪

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
আগরতলায় বর্ণাঢ্য র্যালি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আজ আগরতলায় এক বর্ণাঢ্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। শিক্ষা দপ্তর, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বাংলাদেশ সহকারী হাইকমিশন কার্যালয়ের যৌথ উদ্যোগে এই র্যালির আয়োজন করা হয়। উল্লেখ্য, ১৯৯৯ সালের ২১ ফেব্রুয়ারি রাষ্ট্রসংঘ আজকের দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। এবছর আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের থিম হচ্ছে ‘বহুভাষিক শিক্ষা আন্তঃপ্রজনীয় শিক্ষার একটি স্তম্ভ’।

আজ সকালে এই বর্ণাঢ্য র্যালি আগরতলা টাউনহল প্রাঙ্গণ থেকে শুরু হয়। শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা, আগরতলাস্থিত বাংলাদেশ সহকারী হাইকমিশনের সহকারী হাইকমিশনার আরিফ মোহাম্মদ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য এই বর্ণাঢ্য র্যালিতে অংশ নেন। তাছাড়াও ট্যাবলু, প্লেকার্ড ও চিরাচরিত পোশাকে সজ্জিত হয়ে ভারত ও বাংলাদেশের শিল্পী, সাহিত্যিক, গুণীজন, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ, নেহরু যুব কেন্দ্র, এনসিসি, এন এস এস -এর ক্যাডেটগণ, শিক্ষক ও শিক্ষিকাগণ এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিগণ র্যালিতে অংশ নেন। র্যালিটি আগরতলা টাউনহল প্রাঙ্গণ থেকে শুরু হয়ে রাজধানীর বিভিন্ন পথ পরিক্রমা শেষে পুনরায় টাউনহল প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়। এরপর অতিথিগণ, শিল্পী, সাহিত্যিক ও গুণীজন শহিদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন। পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার জানান, ১৯৫২ সালে মাতৃভাষা রক্ষার আন্দোলনে যারা শহিদ হয়েছিলেন তাঁদের প্রতি শ্রদ্ধাজ্ঞানোর জন্যেই আজ রাজ্যে বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হচ্ছে।
